**যৌথমুলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়ে** নুতন কোম্পানি আইন প্রণয়নের অগ্রগতি পর্যালোচনা বিষয়ে **০৭/০৭/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৭ জুলাই ২০১৫ খ্রিঃ, সকাল ১১.০০ টা। |
| সভার স্থান | : | যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়<br>১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা। |
| সভাপতি | : | বিজন কুমার বৈশ্য, নিবন্ধক, আরজেএসসি। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় তিনি জানান যে, যুগোপযোগী একটি কোম্পানি আইন প্রণয়নের কাজ ২০০৮ খ্রিঃ থেকে শুরু হলেও অদ্যাবধি তা সমাপ্ত হয়নি। যার ধারাবাহিকতায় নতুন কোম্পানি আইন প্রণয়নের অগ্রগতি পর্যালোচনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রণীত খসড়া কোম্পানি আইনের উপর স্টেকহোল্ডারদের মতামত গ্রহণপূর্বক তুলনামূলক বিবরণী প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তৎপ্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং বাম/টিও-১/৩১/২০১১ (অংশ-১)/১৮৫, তারিখ- ০৭/০৫/২০১৫ খ্রিঃ অনুযায়ী প্রণীত কোম্পানি আইন সংক্রান্ত খসড়াটি যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় কর্তৃক স্টকহোল্ডাদের মতামত গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া মন্ত্রণালয়ের বর্ণিত পত্রের আলোকে এ বিষয়ে একটি কমিটি গঠন করা যথাযথ হবে বলে সভায় উপস্থিত সদস্যগণ মত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<u>গৃহীত সিদ্ধান্তঃ</u>

(ক) প্রণীত খড়সা কোম্পানি আইনের উপর স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের নিমিত্তে নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে নোটিশ প্রকাশ করতে হবে;

(খ) ইতোমধ্যে যেসব স্টকহোল্ডার তাঁদের গুরুত্বপূর্ণ মতামত দিয়েছেন তাঁরাও পুনরায় মতামত প্রদান করতে পারবেন এবং তা অবশ্যই আগামী ১৬/০৮/২০১৫ খ্রিঃ তারিখের মধ্য সফটকপিসহ আরজেএসসিতে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের মধ্য কোন মতামত পাওয়া না গেলে ধরে নেওয়া হবে যে, এ বিষয়ে তাদের কোন মতামত নেই;

(গ) নির্ধারিত তারিখের মধ্য মতামত পাওয়া গেলে তা সমন্বয়পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

(ঘ) এ বিষয়ে সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্নকরণের লক্ষ্যে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস-এর সভাপতিত্বে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা যেতে পারে;

১) বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়);

২) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়);

৩) বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি (উপ-পরিচালক পদমর্যাদার নিচে নয়);

৪) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়);

৫) সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি;

৬) ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশনের (আইএফসি) একজন উপযুক্ত প্রতিনিধি।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৭/২৫

(বিজন কুমার বৈশ্য)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)